

শরী'য়তের পরিভাষায় শির্ক বলতে কি বুঝায় ?

শরী'য়তের পরিভাষায় শির্কের দু'টি অর্থ রয়েছে । (এক) সাধারণ অর্থ । সাধারণ অর্থে শির্ক হলো, কথা/ কাজ/ বিশ্বাস কিংবা অভ্যাস দ্বারা আলাহর সর্বসুন্দর নামসমূহে, বা তাঁর সর্বোত্তম গুণাবলীতে, কিংবা আলাহর কোন বৈশিষ্ট্যে অন্য কাউকে বা কোন কিছুকে অংশীদার করা, অথবা যেসব বিষয় এককভাবে আলাহর প্রাপ্য তথা হক্, তাতে অন্য কাউকে বা কোন কিছুকে অংশীদার বা যুক্ত করা, কিংবা যে সব কর্মের অধিকারী একমাত্র আলাহ ﷻ সে সকল কর্মে অন্য কাউকে বা কোন কিছুকে শরীক করা ।

মোটকথা এমন যে কোন বিশ্বাস, কাজ, কথা ও অভ্যাসকে শির্ক বলা হয়, যদ্বারা মহান আলাহর রুবুবিয়্যাত (পালনকর্তৃত্বে) বা উলুহিয়্যাতে ('ইবাদতে) কিংবা তাঁর আছমা ও সিফাতে (নাম ও গুণাবলীতে) অন্য কারো অংশীদারিত্ব বা সমকক্ষতা সাব্যস্ত করা হয় ।

(দুই) বিশেষ অর্থ । বিশেষ অর্থে, 'ইবাদতে আলাহর সাথে কাউকে সংযুক্ত বা অংশীদার করাকে শির্ক বলা হয় ।

যে কোন প্রকার 'ইবাদত আলাহ ব্যতীত অন্য কারো উদ্দেশ্যে নিবেদন করা, যদিও তা অত্যন্ত সামান্য পরিমাণে হয়ে থাকে তথাপি তা হলো শির্ক ।

সাধারণ অর্থে শির্ক তিন প্রকার:- যথা (ক) আলাহর রুবুবিয়্যাতে (প্রতিপালকত্বে/ পালনকর্তৃত্বে) কাউকে বা কোন কিছুকে শরীক তথা অংশীদার নির্ধারণ করা । (খ) আলাহর উলুহিয়্যাতে ('ইবাদতে) কাউকে বা কোন কিছুকে অংশীদার নির্ধারণ করা ।

(গ) আলাহ তা'আলার সুন্দর নামসমূহ বা তাঁর মহান গুণাবলী কিংবা বৈশিষ্ট্যে কাউকে বা কোন কিছুকে অংশীদার নির্ধারণ করা ।